



গতকাল বিকোভকালে কবি নজরুল কলেজের গেটে শিক্ষামন্ত্রীর গাড়ির সামনে গিয়ে পড়ে জবির আন্দোলনকারীরা। ছবি : কালের কন্ঠ

হল উদ্ধার ও ডিসি-ওসির অপসারণ দাবিতে বিকোভ ক্লাস বর্জনের ঘোষণা শিক্ষকদের

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ▶

হল উদ্ধার ও পুলিশি হান্দার প্রতিবাদে গতকাল বুধবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে বিকোভ করেছেন আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা। দাবিদাওয়া আদায়ের তীক্ষ্ণ শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও সাবেক হরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুনের গাড়ি অবরোধ করেছেন। একই সঙ্গে দালালবাগ জোন পুলিশের উপকমিশনার ও কোতোয়ালি থানার ওসিকে শিগগির অপসারণের দাবি জানান। ▶▶ পৃষ্ঠা ৮ ক. ১

ক্লাস বর্জনের ঘোষণা শিক্ষকদের

▶▶ শেষ পৃষ্ঠার পর

দাবি করেছেন। একই দাবিতে হরাষ্ট্র মন্ত্রণালয় ও আইজিপি বরাবর 'হারকপিপি প্রদান ও অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জনের ঘোষণা দিয়েছে শিক্ষক সমিতি।

প্রত্যক্ষদর্শীরা জানায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পূর্বঘোষণা অনুযায়ী গতকাল সকাল ১০টা থেকে ক্যাম্পাসের শহীদ মিনারে অবস্থান নিয়ে সিঙ্কিল শুরু করে। সকাল ১১টার দিকে তারা রায়সাহেববাজার মোড়ে অবস্থান নেয় এবং টায়ার জ্বালিয়ে সড়ক অবরোধ করে বিকোভ করতে থাকে। এ সময় আদালতে আইনজীবী সমিতির এক অনুষ্ঠানে যাকিলেন সাবেক হরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন। শিক্ষার্থীরা তাঁর গাড়ির গতিরোধ করে বেদখল হওয়া হল উদ্ধারসহ দালালবাগ জোন পুলিশের উপকমিশনার (ডিনি) হারুন অর রশিদ ও কোতোয়ালি থানার ওসি মনিরুজ্জামানকে অপসারণের দাবিতে স্লোগান দেয়। একপর্যায়ে সাহারা খাতুন গাড়ি থেকে নেমে শিক্ষার্থীদের আন্দোলনের সঙ্গে

একাব্বতা প্রকাশ করেন। তিনি সংসদ অধিবেশনে পয়েন্ট অব অর্ডারে বিষয়টি তোলায় আশ্বাস দেন। একই সঙ্গে জানান, হলের দাবি আদায়ের প্রধানমন্ত্রীর সঙ্গে ব্যক্তিগতভাবে তিনি বিষয়টি নিয়ে আলোচনা করবেন।

হলভালা যেহেতু ছেড়ে না দিলে ব্যবস্থা-শিক্ষামন্ত্রী : সরকারি কবি নজরুল কলেজে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আসেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। খবর পেয়ে আন্দোলনকারীরা ওই কলেজের গেট অবরোধ করে রাখে। দুপুর পৌনে ১টার দিকে অনুষ্ঠান শেষে শিক্ষামন্ত্রী বের হওয়ার পথে জবি শিক্ষার্থীদের বাধার মুখে পড়েন। এ সময় শিক্ষামন্ত্রী বলেন, দখলদাররা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের হলভালা শিগগির যেহেতু ছেড়ে না দিলে তাদের বিরুদ্ধে মন্ত্রণালয় ব্যবস্থা নেবে। পরে দুপুর সোয়া ১টার দিকে শিক্ষার্থীরা দুই দিনের আলটিমেটাম দিয়ে মন্ত্রীর গাড়ি ছেড়ে দেয়।

জরুরি বৈঠক : বেদখল হলভালা উদ্ধারের বিষয়ে ঢাকার জেলা প্রশাসক শেখ ইউসুফ উপাচার্যের কার্যালয়ে

বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ছাত্র প্রতিনিধিদের সঙ্গে গতকাল জরুরি বৈঠকে বসেন। পুলিশের দখলে যে দুটি হল রয়েছে সেগুলো বিশ্ববিদ্যালয় প্রশাসনকে বুঝিয়ে দেওয়া এবং বাকি হলগুলো স্বী অর্হায় রয়েছে তা নতুন করে খতিয়ে দেখার সিদ্ধান্ত হয়।

এ বিষয়ে ছাত্রলীগের সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম বলেন, ঢাকার জেলা প্রশাসক পুলিশের দখলে থাকা দুটি হল এক সপ্তাহের মধ্যে উদ্ধারের প্রতিশ্রুতি দিয়েছেন। বাকি হলগুলো উদ্ধারের আমাদের সহযোগিতার আশ্বাস দিয়েছেন।

শিক্ষক সমিতির লাপাতার ক্লাস বর্জনের ঘোষণা : শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক সরকার আলী আকাস বলেন, 'আলটিমেটামের পরও সংশ্লিষ্ট মন্ত্রণালয় ব্যবস্থা না নেওয়ায় ডিনি হারুন অর রশিদ ও কোতোয়ালি থানার ওসি মনিরুজ্জামানের অপসারণ দাবিতে আগামীকাল বৃহস্পতিবার সকাল ১১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত প্রতিদিন ক্লাস বর্জন চলাবে। তবে পরীক্ষা নিয়মিত চলবে।'